

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/২৪ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৭.০০১.১৭-১৭৩।—“স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২১ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখের নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০৪.১৯.৩৬০ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর Section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত ময়মনসিংহ সিটি কর্পোরেশন এর মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে নিম্নবর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১৬ (ষোল) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ০৩ মে, ২০১৯ খ্রিঃ হতে ০৭ মে, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

( ১৫০৮৭ )

মূল্য : টাকা ৪.০০

ক্রম	সিটি কর্পোরেশনের নাম	ওয়ার্ডসমূহ	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	ময়মনসিংহ সিটি কর্পোরেশন	১ ও ২ নং ওয়ার্ড	জনাব মোহাম্মদ আব্দুল হাই, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
২		৩ ও ৪ নং ওয়ার্ড	জনাব এস. এম হুমায়ুন কবির, ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, ময়মনসিংহ।
৩		৫ ও ৬ নং ওয়ার্ড	জনাব মোঃ হামিদুল ইসলাম, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
৪		৭ ও ৮ নং ওয়ার্ড	জনাব মোঃ সুলতান মাহমুদ, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর।
৫		৯ ও ১০ নং ওয়ার্ড	বেগম মাহবুবা আক্তার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৬		১১ ও ১২ নং ওয়ার্ড	জনাব মোঃ রাশেদ হোসাইন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৭		১৩ ও ১৪ নং ওয়ার্ড	জনাব আরিফুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৮		১৫ ও ১৬ নং ওয়ার্ড	জনাব এ, কে, এম, রওশন জাহান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৯		১৭ ও ১৮ নং ওয়ার্ড	জনাব নয়ন চন্দ্র মোদক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
১০		১৯ ও ২০ নং ওয়ার্ড	জনাব ইমাম হাসান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
১১		২১ ও ২২ নং ওয়ার্ড	জনাব সত্যব্রত শিকদার, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১২		২৩ ও ২৪ নং ওয়ার্ড	জনাব আতিকুল ইসলাম, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১৩		২৫ ও ২৬ নং ওয়ার্ড	জনাব ধীমান চন্দ্র মন্ডল, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১৪		২৭ ও ২৮ নং ওয়ার্ড	জনাব বাকী বিল্লাহ, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১৫		২৯ ও ৩০ নং ওয়ার্ড	জনাব মুহাম্মদ আব্দুন নূর, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ।
১৬		৩১, ৩২ ও ৩৩ নং ওয়ার্ড	জনাব সুব্রত ঘোষ শুভ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address(ds\_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**“ছক”**

সিটি কর্পোরেশনের নাম : .....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নাম	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আবু ইব্রাহিম

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd